মেহেরপুরে ছাদ থেকে পড়ে শিশুর মৃত্যু।

মেহেরপুরে ছাদ থেকে পড়ে জিসান নামের এক শিশুর মৃত্যু হয়েছে। জিসান শহরের হঠাৎপাড়ার কটার ছেলে। জিসানের পরিবার থেকে জানাই, সকালের দিকে তার সমবয়সী কয়েকজন শিশুকে নিয়ে পার্শ্ববর্তী মোক্তার হোসেনের বাড়ির ছাদে খেলা করছিল। এ সময় জিসান যে কোন ভাবে নিচে পড়ে মারাত্মক আহত হয়। এসময় স্থানীয়রা তাকে মেহেরপুর জেনরেল হাসপাতালে নিয়ে আসে।

পরে উন্নত চিকিৎসার জন্য তাকে রাজশাহী মেডিকেল কলেজে রেফার্ড করা হয়। রাজশাহীল উদ্দেশ্যে রওনা দেওয়ার পর কুষ্টিয়াতে পৌছলে তার অবস্থার অবনতি হলে জরুরী ভিত্তিতে কুষ্টিয়া মেডিকেল কলেজে নেওয়া হয়। সেখানে জিসানের মৃত্যু হয়।

আগামীকাল সকালে তার দাফন সম্পন্ন হবে বলে জিসানের পরিবারের লোকজন জানিয়েছেন। এদিকে তার মুত্যুতে পরিবার ও এলাকায় শোকের ছায়া নেমে এসেছে।

মেহেরপুর শহরের ৩ নং ওয়ার্ড আওয়ামীলীগের সম্মেলন

মেহেরপুর শহরের ৩ নং ওয়ার্ড আওয়ামীলীগের সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। রবিবার সন্ধায় ৩নং ওয়ার্ড আওয়ামীলীগের আয়োজনে মেহেরপুর কাথুলি বাসস্ট্যান্ড মোড়ে এ সম্মেলন অনুষ্ঠিত হয়।

সম্মেলনে সর্বসম্মতিতক্রমে জাহাঙ্গীর বিশ্বাস কে সভাপতি ও আবু জাহিদ মোহাম্মদ তারিক কে সাধারণ সম্পাদক হিসেবে ঘোষনা করা হয়।

৩নং ভারপ্রাপ্ত সভাপতি আ. রাজ্জাক এর সভাপতিত্বে সম্মেলনে প্রধান অতিথি হিসেবে বক্তব্য দেন জেলা আওয়ামীলীগের যুগ্ম সম্পাদক অ্যা. ইব্রাহীম শাহিন। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য দেন জেলা

আওয়ামীলীগের প্রচার সম্পাদক ইকবাল হোসেন বুলবুল, কোষাধক্ষ্য সিরাজুল ইসলাম, শহর আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক ইমতিয়াজ বিন হারুন জুয়েল, সদস্য আব্দুল্লাহ আল মামুন, ৫নং ওয়ার্ড কাউন্সিলর জাফর ইকবাল। অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন সাবেক ছাত্রনেতা রাহিনুজ্জামান পোলেন।

:নিজস্ব প্রতিনিধি

মেহেরপুরে দুর্ঘটনা প্রতিরোধে জেলা পুলিশের উদ্যোগে রোড ডিভাইডার স্থাপন

মেহেরপুর জেলা পুলিশের উদ্যোগে দুর্ঘটনা প্রতিরোধে ডিভাইডার স্থাপন করা হয়েছে। রবিবার সন্ধায় শহরের পুরাতন বাসস্ট্যান্ড এলাকায় এই রোড ডিভাইডার স্থাপন করা হয়।
দুর্ঘটনা প্রতিরোধে শহরের কলেজ মোড় থেকে বিআরটিসি কাউন্টার পর্যন্ত রোড ডিভাইডারের মাধ্যমে প্রধান সড়ককে দুইভাগে বিভক্ত করা হয়েছে।

এসময় টি আই ১ ইসমাইল হোসেন বলেন, মেহেরপুর শহরকে জানজট ও দুর্ঘটসা মুক্ত করতে জেলা পুলিশ সুপারের নির্দেশে রোড ডিভাইডার স্থাপন করা হয়েছে।

এসময় উপস্থিত ছিলেন, মেহেরপুর সদর থানার ওসি শাহ দারা খান, টি আই ২ গোলাম মুজতবা, এটিএসআই আমিরুল, মোস্তাফিজুর প্রমুখ।

:নিজস্ব প্রতিনিধি

গাংনীতে ঘুষ না দেওয়ায় অন্ধ হাসিনার ভিজিডি কার্ড কাটলেন ইউপি সদস্য

মেহেরপুরের গাংনীতে ২ হাজার টাকা ঘুষ না দেওয়ায় ভিজিডি কার্ড হারালেন হাসিনা খাতুন নামের এক অন্ধ মহিলা। আর এ অভিযোগে তীর উঠেছে ধানখোলা ইউনিয়নের ৬ নম্বর ওয়ার্ড সদস্য ও জামায়াত নেতা তৌহিদী হাসান নিলুর বিরুদ্ধে।

অন্ধ হাসিনা খাতুন ধানখোলা ইউপির কসবা গ্রামের মামুনুর রশিদের স্ত্রী। অন্ধের ভিজিডি কার্ড কেটে দেওয়ায় এলাকায় নানা সমালোচনার মুখে পড়েছে ইউপি সদস্য তৌহিদী হাসান নিলু।

অন্ধ হাসিনা খাতুন জানান, ইতোপূর্বে জেলা প্রশাসক পরিমল সিংহ স্যারের সুপারিশে ইউপি চেয়ারম্যান আখেরুজ্জামান ৩০ কেজি চাউলের একটি ভিজিডি কার্ড করে দেন। কিন্তু গত কয়েক মাস আগে কসবা গ্রামের ৬ নং ওয়ার্ডের মেম্বর তৌহিদী হাসান নিলু ২ হাজার টাকা দাবি করে। টাকা না দেওয়ার কারণে আমার ভিজিডি’র কার্ড কেটে দিয়েছেন।

এ ব্যপারে ইউপি সদস্য তৌহিদী হাসান নিলু জানান, আমি অন্ধ হাসিনার কাছে টাকাও চাইনী এ ব্যপারে কিছু জানিওনা।

ধানখোলা ইউপি আওয়ামীলীগের সভাপতি আলী আজগর জানান, হাসিনা অন্ধ ও গরিব মানুষ তার ভিজিডি’র কার্ড কাটা ঠিক হয়নী। তাছাড়া ইউপি সদস্য তৌহিদী হাসান নিলু স্থানীয় জামায়াত নেতা। বর্তমানে কতিপয় লোকজনের সাথে মিশে আওয়ামীলীগ সাজার চেষ্টা করে।

ধানখোলা ইউপি চেয়ারম্যান আখেরুজ্জামান জানান, ইউপি সদস্য তৌহিদী হাসান নিলু’র ওয়ার্ডের বিষয়। কি ঘটনা ঘটেছে সে ভালো বলতে পারবে।

মেহেরপুরের জেলা প্রশাসক মো: আতাউল গনী জানান, টাকার জন্য অন্ধ মহিলার কার্ড কেটে দিয়েছে এটা কোন ভাবেই মেনে নেয়া যায়না। অবশ্যই এ ঘটনায় জড়িতদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে।

– নিজস্ব প্রতিবেদক

টাইম স্কেল পাইয়ে দিতে ঘুষ চাইলেন ১০ লাখ টাকা

মেহেরপুরের মুজিবনগর সরকারী ডিগ্রী কলেজের ১১জন প্রদর্শক ও কর্মচারীর প্রাপ্য টাইম স্কেল দিতে গড়িমসি ও উৎকোচ চাওয়ার অভিযোগ উঠেছে উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (অতি. দায়িত্ব) আশরাফুল ইসলামের বিরুদ্ধে।

এ কাজ পাইয়ে দিতে ১০ লাখ টাকা ঘুষ চেয়েছেন ভুক্তভোগীদের কাছে ঘুষ না দেওয়ায় কাগজপত্রের নানা ত্রুটি দেখানো হচ্ছে।

জানা গেছে, ‘আত্মিকরণ বিধিমালা ২০০০’ অনুযায়ী শিক্ষা অধিদপ্তর ২০১৮ সালের ১লা আগষ্ট এই টাইম স্কেল অনুমোদন করে। এই আদেশের ভিত্তিতে শিক্ষা অধিদপ্তর সহ সারাদেশের ১২ টি কলেজের ১৩০ জন চাকুরীজীবী এই প্রাপ্যতা অর্জন করেন। এরই মধ্যে অনুমোদিত টাইম স্কেল প্রায় সকলে পেয়ে গেলেও মুজিবনগর সরকারী ডিগ্রী কলেজের ১১জন প্রদর্শক-কর্মচারী তাদের প্রাপ্যতা থেকে বঞ্চিত হচ্ছেন।

বঞ্চিতরা হচ্ছেন- পদার্থ বিজ্ঞান বিভাগের প্রদর্শক হাসানুজ্জামান, রসায়ন বিভাগের প্রদর্শক ওহিদুল ইসলাম, শরীর চর্চা শিক্ষক মো;আব্দুল হানিফ, কোষাধাক্ষ্য আকরাম আলী, অফিস সহকারি আসাদুল হক, অফিস সহায়ক আফাজ উদ্দিন, অফিস সহায়ক ফেরদৌস হাসান, মালি আজিম উদ্দিন জোয়ার্দার, পরিচ্ছন্নতা কর্মী আব্দুল খালেক, আয়া জেরিনা খাতুন, আয়া সুফিয়া খাতুন।

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের বিভাগীয় নির্বাচন কমিটির সুপারিশ মোতাবেক অধিদপ্তর ও অধিদপ্তরের আওতাধীন অফিস এবং বিভিন্ন শিক্ষা প্রতিষ্টানের প্রদর্শক ও তৃতীয়-চতুর্থ শ্রেনীর কর্মচারীদের টাইম স্কেল মঞ্জুর করে। যার স্বারক নং- ৩৭.০২.০০০০.১০১.৩৯.০০১.১৮-৩৫২২৯/৬২, তারিখ-০১.০৮.২০১৮ ।

এক বছর দুই মাস আগের একটি সরকারী বৈধ আদেশ থাকা সত্বেও এই ১১ জন কর্মচারী তাদের ন্যায্য প্রাপ্যতা থেকে বঞ্চিত হচ্ছেন । মাঝে উপজেলা হিসাবরক্ষণ কর্মকতা হিসাবে ২/৩ জন স্বল্পকালীন সময়ে বদলি

হয়ে যান। এখন আবার বর্তমান দায়িত্ব প্রাপ্ত হিসাবরক্ষণ কর্মকর্তার ঘুষের খপ্পড়ে পড়ে বিষয়টি ঝুলে আছে।

এ ব্যাপারে ভুক্তভোগী প্রদর্শক হাসানুজ্জামান ও ওহিদুল ইসলাম জানান, বিভিন্ন কলেজের টাইম স্কেল প্রাপ্তরা তাদের প্রাপ্য পেয়ে গেলেও মুজিবনগর উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তার গুরত্বহীনতার কারণে আমরা পাচ্ছিনা। কাগজপত্রের ত্রুটি দেখিয়ে দিনের পর দিন

ঘোরাচ্ছেন এবং ১০ লাখ টাকা দিলে কাগজপত্র ঠিক করে টাইম স্কেল পাওযার ব্যাপারে কাজ করবেন বলে ঘুষ দাবি করেন (ঘুষ চাওয়ার রেকর্ড প্রতিবেদকের কাছে সংরক্ষিত রয়েছে)।
তিনি আরো জানান, খুলনার দাকোপ কলেজ, নড়াইলের লোহাগড়া সরকারি আদর্শ

মহাবিদ্যালয়, ফরিদপুরের বীরশ্রেষ্ঠ আব্দুর রউফ কলেজসহ প্রায় সকল প্রতিষ্ঠানের স্টাফরা টাইম স্কের পেযেছেন কিন্ত আমরা পাচ্ছিনা এর জবাব হিসাবরক্ষণ কর্মকর্তার কাছে জানতে চাওয়া হলে হিসাবরক্ষন কর্মকর্তা রূঢ় হয়ে বলেন, সেসব স্থানে বদলি হয়ে বেতন ভাতা তোলেন।

কাগজ পত্রের ত্রুটির কথা বলছেন আবার টাকা দিলে সেগুলো বৈধ হযে যায় কিভাবে এমন প্রশ্ন করলে তিন চুপ থাকেন বলে ভুক্তভোগীরা অভিযোগ করেন। ভুক্তভোগীরা আরো জানান, বিষয় টি নিয়ে জন প্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপির কাছে গেলে তিনি নিজেই হিসাব রক্ষণ কর্মকর্তা কে ফোন করেন কিন্তু ফোন ধরেন নি। পরে তিনি এ পি এসের মাধ্যমে মুজিবনগর ইউএনও কে বিষয়টি সমাধানের জন্য নির্দেশ দেন।

এ ব্যাপারে উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা আশরাফুল ইসলামের সাথে ঘুষ চাওয়ার কথা যানতে চাইলে তিনি বলেন, প্রসঙ্গক্রমে আমি টাকা চেয়েছি। তাদের কাগজ পত্রের ত্রুটি আছে যে কারণে এই মুহুর্তে টাইম স্কেল দেওয়ার কাজটি করা যাচ্ছেনা। তবে কাগজপত্র আমি উর্ধতন কর্তৃপক্ষের কাছে পাঠিয়েছি।

সময়মত তাঁরা তাদের পাওনা অর্থ পেয়ে যাবেন।
মুজিবনগর উপজেলা নির্বাহী কর্মকর্তা উসমান গনী জানান, বিষয়টি নিয়ে উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তার সাথে কথা হয়েছে। যাতে উনারা দ্রুত প্রাপ্ত টাইম স্কেল পায় তার ব্যবস্থা করার জন্য তাঁকে বলেছি।

নিজস্ব প্রতিনিধি:

মেহেরপুর ও চুয়াডাঙ্গার বিভিন্ন স্থানে কমিউনিটি পুলিশিং ডে পালন

বর্ণাঢ্য র্যালী, আলোচনা সভা ও সম্মাননা ক্রেষ্ট প্রদানের মধ্য দিয়ে মেহেরপুরে কমিউনিটি পুলিশিং ডে পালন করা হয়েছে।

শনিবার সকালে মেহেরপুর পুলিশ লাইনস মিলনায়তনে এই অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। পুলিশ সুপার এস এম মুরাদ আলীর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক মো: আতাউল গনি।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন, জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা চেয়ারম্যান এম এ খালেক।

অতিরিক্ত পুলিশ সুপার মোস্তাফিজুর রহমানের সঞ্চালনায় অনুষ্ঠানে বক্তব্য রাখেন জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি আ: হালিম, আব্দুস সামাদ বাবলু বিশ্বাস, মেহেরপুর জেলা আওয়ামী লীগের মুক্তিযোদ্ধা বিষয়ক সম্পাদক আতাউল হাকিম, পিপি পল্লব ভট্টাচার্য্য, জেলা কমিউনিটি পুলিশিং ফোরামের সভাপতি ডা. এমএ রাশার, অ্যাড. শফিকুল আলম প্রমুখ।

এ সময় কমিউনিটি পুলিশিং এ বিশেষ অবদান রাখায় পিপি পল্লব ভট্টাচার্য অ্যাড. শফিকুল আলম ও ইউপি সদস্য শংকর বিশ্বাসকে সম্মাননা ক্রেষ্ট প্রদান করা হয়। এছাড়াও আইজিপির পক্ষ থেকে এসআই আহসান হাবীব এবং ডা, এম এ বাশারকে ক্রেস্ট প্রদান করা হয়।
এদিকে কমিউনিটি পুলিশিং ডে উপলক্ষে একটি র্যালী বের করা হয়। পুলিশ সুপার এসএম মুরাদ আলি পুলিশ সুপার কার্যালয়ে বেলুন উড়িয়ে র্যালীর সূচনা করেন। বাদ্যের তালে তালে র্যালীটি পুলিশ সুপারের কার্যালয় চত্বর থেকে শুরু করে পুলিশ লাইনস এ গিয়ে শেষ হয়।

র্যালীতে অতিরিক্ত পুলিশ সুপার শেখ জাহিদুল ইসলাম, মোস্তাফিজুর রহমান, সদর থানার ওসি শাহ দারা, গাংনী থানার ওসি ওবায়দুর রহমান, মুক্তিযোদ্ধা কে এম আতাউল হাকিম লাল মিয়া, ইউপি চেয়ারম্যান বোরহান উদ্দীন আহম্মেদ চুন্নু, শাহজামাল, আনারুল ইসলাম সহ পুলিশের বিভিন্ন কর্মকর্তা, জন প্রতিনিধি, শিক্ষক- শিক্ষার্থীসহ বিভিন্ন শ্রেণী-পেশার মানুষ উপস্থিত ছিলেন।

গাংনী প্রতিনিধি জানান, “পুলিশের সাথে কাজ করি, মাদক-জঙ্গি-সন্ত্রাস মুক্ত দেশ গড়ি” এ শ্লোগানের মধ্যে দিয়ে মেহেরপুরের গাংনীতে কমিিউনিটি পুলিশিং ডে পালিত হয়েছে।
দিবসটি উপলক্ষে গাংনী বাজার বাসষ্ট্যান্ড শহীদ রেজাউল চত্বর থেকে একটি র্যালী বের হয়ে গাংনী থানা চত্বরে গিয়ে শেষ হয়। গাংনী থানা ও গাংনী উপজেলা পুলিশিং কমিটির আয়োজনে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। থানা চত্বরে অনুষ্ঠিত আলোচনা সভায় সভাপতিত্ব করেন গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা ওসি মো: ওবাইদুর রহমান।

প্রধান অতিথির বক্তব্য রাখেন মেহেরপুরের পুলিশ সুপার এস এম মুরাদ আলী। বিশেষ অতিথির বক্তব্য রাখেন জেলা আওয়ামী লীগের সাধারন সম্পাদক ও গাংনী উপজেলা চেয়ারম্যান এম এ খালেক, পৌর মেয়র আশরাফুল ইসলাম গাংনী উপজেলা পুলিশিং কমিটির সভাপতি ও উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক গোলাম মোস্তফা, সাবেক উপজেলা চেয়ারম্যান এডভকেট একেএম শফিকুল আলম, বামন্দী ইউপি চেয়ারম্যান শহিদুল ইসলাম, পুলিশিং কমিটির সাধারণ সম্পাদক ও উপজেলা যুবলীগের সভাপতি মোশাররফ হোসেন।

মুজিবনগর অফিস জানায়, বর্ণাঢ্য র্যালী ও আলোচনা সভার মধ্যে দিয়ে মুজিবনগরে কমিউনিটি পুলিশিং ডে পালন করা হয়েছে।

শনিবার বিকাল তিনটার সময় মুজিবনগর থানা চত্বরে এই অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। মুজিবনগর থানার অফিসার ইনচার্জ আব্দুল হাশেমের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা চেয়ারম্যান জিয়াউদ্দীন বিশ্বাস।
বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মহাজনপুর ইউপি চেয়ারম্যান আমাম হোসেন মিলু, বাগোয়ান ইউপি চেয়ারম্যান আয়ূব হোসেন।

এদিকে, কমিউনিটি পুলিশিং ডে উপলক্ষে আলোচনাসভার আগে “জনতাই পুলিশ, পুলিশিই জনতা” এই শ্লোগানে একটি র্যালী বের করা হয়। মুজিবনগর থানার অফিসার ইনচার্জ আব্দুল হাশেমের নেতৃত্বে র্যালীটি

থানা চত্বর থেকে শুরু হয়ে শহরের মেন মেন সড়ক প্রদক্ষিন করে পুনরায় থানা চত্বরে এসে শেষ হয়।

উক্ত র্যালীতে মুজিবনগর উপজেলা চেয়ারম্যান জিয়াউদ্দীন বিশ্বাস, বাগোয়ান ইউপি চেয়ারম্যান আয়ূব হোসেন,উপজেলা যুবমহিলা লীগের সাধারন সম্পাদক তহমিনা খাতুন, কেদারগঞ্জ বাজার কমিটির সভাপতি কুতুবউদ্দীন মল্লিক, মুজিবনগর প্রেসক্লাবের সভাপতি মুন্সী ওমর ফারুক প্রিন্স, মুজিবনগর সরকারী মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক আলিফ হোসেনসহ পুলিশের বিভিন্ন কর্মকর্তা, জনপ্রতিনিধি, শিক্ষক- শিক্ষার্থী ও বিভিন্ন শ্রেণী-পেশার মানুষ অংশ নেন।

চুয়াডাঙ্গা প্রতিনিধি জানান, শিশুদের চিত্রাঙ্কন প্রতিযোগিতা, স্বেচ্ছায় রক্তদান, বর্ণাঢ্য শোভাযাত্রা, আলোচনা সভা ও কেক কাটার মধ্য দিয়ে চুয়াডাঙ্গায় পালন করা হয়েছে কমিউনিটি পুলিশিং ডে। শনিবার দিনব্যাপি এসব কর্মসূচির মধ্য দিয়ে দিবসটি উদযাপন করা হয়।

পুলিশিং ডে উপলক্ষ্যে সকাল ১০টায় জেলা পুলিশের আয়োজনে শহরে একটি বর্ণাঢ্য শোভাযাত্রা বের করা হয়। পুলিশ সুপারের কার্যালয় থেকে বের হয়ে শোভাযাত্রাটি শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে। শোভাযাত্রা শেষে চুয়াডাঙ্গা সদর থানা চত্বরে আয়োজন করা হয় স্বেচ্ছায় রক্তদান কর্মসূচি। এ কর্মসূচিতে জেলা পুলিশের বিভিন্ন স্তরের কর্মকর্তাসহ কনস্টেবলরা রক্তদান করেন।

দুপুরে চুয়াডাঙ্গা পুলিশ লাইনে পুলিশিং ডে’র তাৎপর্য তুলে ধরতে আয়োজন করা হয় আলোচনা সভা। জেলা পুলিশিং কমিটির প্রধান উপদেষ্টা পুলিশ সুপার মো. জাহিদুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথি হিসাবে বক্তব্য রাখেন, চুয়াডাঙ্গা-১ আসনের সংসদ সদস্য সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন।

এ সময় তিনি বলেন, অতীতের যে কোন সময়ের চেয়ে বর্তমান পুলিশিং ব্যবস্থা জনবান্ধব। এখন আর সাধারণ মানুষকে থানাতে গিয়ে হয়রানি হতে হয়না। ফোন করা মাত্রই পুলিশ পৌঁছে যায় প্রত্যন্ত অঞ্চলে। এটি সম্ভব হয়েছে বর্তমান প্রধানমন্ত্রীর আন্তরিকতায়।
জেলা পুলিশিং কমিটির প্রধান উপদেষ্টা ও পুলিশ সুপার মো. জাহিদুল ইসলাম তার বক্তৃতায় বলেন, শুধু পুলিশের একার পক্ষে একটি জেলার আইন শৃঙ্খলা পরিস্থিতি উন্নতি সম্ভব নয়। এজন্য দরকার সাধারণ

মানুষের আন্তরিকতা ও সহযোগিতা।

আর এজন্যই কমিউনিটি পুলিশিং গঠন ছিল সময়ের দাবি। তিনি দাবি করেন, কমিউনিটি পুলিশিং গঠনের পর এখন সাধারণ মানুষের সাথে কাঁধে কাঁধ মিলিয়ে কাজ করছে পুলিশের বিভিন্ন ইউনিটের সদস্যরা। কমিউনিটি পুলিশিং কমিটির সদস্যদের সহযোগিতায় দেশে মাদক, সন্ত্রাসী জঙ্গীবাদ নির্মূল সহজ হচ্ছে বলেও মন্তব্য করেন জাহিদুল ইসলাম। আলোচনা সভায় আরও বক্তব্য রাখেন, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) খোন্দকার ফরহাদ আহমদ, পৌর মেয়র ওবায়দুর রহমান চৌধুরী জিপু, জেলা পুলিশিং কমিটির আহ্বায়ক অধ্যক্ষ এসএম ই¯◌্রাফিল ও সদস্য সচিব মনিরুজ্জামান।

আলোচনা সভা শেষে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের চিত্রাঙ্কন প্রতিযোগিতায় বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করা হয়। এর আগে পুলিশ ডে উপলক্ষ্যে একটি বিশাল কেক কাটা হয়।
আলমডাঙ্গা প্রতিনিধি জানান, আলমডাঙ্গা থানা পুলিশের আয়োজনে ‘পুলিশের সাথে কাজ করি, মাদক জঙ্গীমুক্ত দেশ গড়ি’ স্লোগান নিয়ে কমিউনিটি পুলিশিং ডে ২০১৯ অনুষ্ঠিত হয়েছে। শনিবার বিকালে আলমডাঙ্গা থানা চত্ত্বর থেকে বর্ণাঢ্য র্যালি বের হয়ে শহর প্রদক্ষিণ শেষে আলমডাঙ্গা পাইলট মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে কেক কাটা ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলমডাঙ্গা থানার অফিসার ইনচার্জ সৈয়দ আশিকুর রহমানের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) মোহাম্মদ কলিমউল্লাহ। সভাপতিত্ব করেন পুলিশিং কমিটির প্রধান উপদেষ্টা ও প্রধান প্রষ্ঠপোষক আলমডাঙ্গা পৌর মেয়র ও উপজেলা আওয়ামী লীগের সভাপতি হাসান কাদীর গনু।

বিশেষ অতিথি ছিলেন উপজেলা চেয়ারম্যান আইয়ুব হোসেন, উপজেলা সহকারী কমিশনার ভূমি সীমা শারমিন, জেলা চেয়ারম্যান সমিতির সভাপতি বিশিষ্ট শিক্ষানুরাগী হারদী ইউপি চেয়ারম্যান নুরুল ইসলাম, উপজেলা ভাইস চেয়ারম্যান অ্যাডভোতেট সালমুন আহমেদ ডন, মহিলা ভাইস চেয়ারম্যান কাজী মারজাহান নিতু, বণিক সমিতির সম্পাদক আলহাজ¦ মীর শফিকুল ইসলাম, ইউপি চেয়ারম্যান আমিরুল ইসলাম মন্টু, নুরুল ইসলাম, আবু সাঈদ পিন্টু, আব্দুল হালিম, আমিনুল ইসলাম রোকন, পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সিরাজুল ইসলাম, সাবেক ভাইস চেয়ারম্যান দেলোয়ার হোসেন, বিআরডিবি চেয়ারম্যান মহিদুল ইসলাম মহিদ, প্রেস ক্লাবের সভাপতি শাহ্ আলম মন্টু।

অনুষ্টানের শুরুতে কেক কেটে অনুষ্টানের উদ্বোধন করেন প্রধান অতিথি অতিরিক্ত পুলিশ সুপার কলিম উল্লাহ।
কার্পাসডাঙ্গা প্রতিনিধি জানান, পুলিশের সাথে কাজ করি মাদক জঙ্গী ও সন্ত্রাস মুক্ত দেশ গড়ি এ প্রতিপাদ্যকে সামনে রেখে গতকাল শনিবার বিকাল ৪ টার দিকে দামুড়হুদা মডেল থানার আয়োজনে ও কার্পাসডাঙ্গা বাজার দোকান মালিক সমিতির সার্বিক সহযোগীতায় কার্পাসডাঙ্গা মাধ্যমিক বিদ্যালয় মাঠে” পুলিশই জনতা জনতাই পুলিশ”এ স্লোগানকে সামনে রেখে কমিউনিটি পুলিশিং ডে -২০১৯ উপলক্ষে র্যালি আলোচনা সভা ও মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

র্যালিটি বাজারের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে কার্পাসডাঙ্গা মাধ্যমিক বিদ্যালয় মাঠ প্রাঙ্গনে এসে শেষ হয়। আলোচনা সভায় চুয়াডাঙ্গা জেলা অতিরিক্ত পুলিশ সুপার (হেডকোয়ার্টাস) আবুল বাশারের সভাপতিত্বে অনুষ্ঠানে আমন্ত্রিত অতিথি হিসাবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা কমিউনিটি পুলিশিং কমিটির সভাপতি দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সভাপতি সিরাজুল আলম ঝন্টু, দর্শনা পৌর আওয়ামী লীগের দপ্তর সম্পাদক দামুড়হুদা উপজেলা পরিষদ চেয়ারম্যান আলী মুনসুর বাবু, দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সাবেক জেলা পরিষদ প্রশাসক মাহফুজুর রহমান মঞ্জু, দামুড়হুদা উপজেলা ভাইস চেয়ারম্যান সহিদুল ইসলাম, কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান খলিলুর রহমান ভুট্ট, কুড়ুলগাছি ইউপি চেয়ারম্যান শাহ মো: এনামুল করিম ইনু,জুড়ানপুর ইউপি চেয়ারম্যান সোহরাব হেসেন, হাউলী ইউপি চেয়ারম্যান নিজাম উদ্দীন, দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সহ-সভাপতি সহিদুল হক, দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ সুকুমার বিশ্বাস, ওসি(তদন্ত) কে এম জাহাঙ্গীর কবির, দর্শনা থানার পরিদর্শক মাহবুবুর রহমান, কার্পাসডাঙ্গা বাজার দোকান মালিক সমিতির সভাপতি ইমদাদুল হক ইমন, সাধারণ সম্পাদক সাজেদুল বিশ্বাস মিঠু, সাংগঠনিক সম্পাদক খোরশেদ আলম, দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি নুরন্নবী, সাধারণ সম্পাদক হাবিবুর রহমান হবি, কার্পাসডাঙ্গা প্রেসক্লাবের সভাপতি এম এ জলিল, সাধারণ সম্পাদক হাসেম রেজা হাসমত।
এ সময় আরো উপস্থিত ছিলেন আতিয়ার, মেম্বর আব্দুর হাকিম, সাইফুল ইসলাম, দামুড়হুদা উপজেলা শ্রমিকলীগের যুগ্ম আহবায়ক শওকত আলী, কার্পাসডাঙ্গা ইউনিয়ন যুবলীগের সাধারণ সম্পাদক মোস্তাফিজ কচি, সাংগঠনিক সম্পাদক আতিক, যুগ্ম সম্পাদক শরীফ রতন, প্রচার ও প্রকাশনা সম্পাদক মেহেদী হাসান মিলন, দপ্তর সম্পাদক বখতিয়ার খলজি

মেহেরপুর পৌরসভার আরো একটি গভীর নলকূপ স্থাপন

মেহেরপুর পৌরসভা নিজ অর্থায়নে শহরের মল্লিকপাড়া গভীর নলকূপে বসিয়ে পানি উত্তোলনের উদ্বোধন করা হয়েছে।

শনিবার দুপুরের দিকে পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন সুইচ অন করে পানি উত্তোলনের উদ্বোধন করেন।

এসময় প্যানেল মেয়র শাহিনুর রহমান রিটন, কাউন্সিলর নুরুল আশরাফ রাজিব, প্রকৌশলী আবু হেনা মোস্তফা কামাল প্রমুখ উপস্থিত ছিলেন।

পৌর মেয়র বলেন, বেশ কিছুদিন যাবৎ মেহেরপুরে পানির লেয়ার নিচে নেমে যাওয়ায় পানি সরবরাহ কিছুটা কম ছিল। এই নলকূপে স্থাপনের কারণে এই সমস্যা আর থাকবে না।

নিজস্ব প্রতিনিধি:

মেহেরপুর-চুয়াডাঙ্গা রুটে সরাসরি বাস চলাচল শুরু

চুয়াডাঙ্গা ও মেহেরপুর জেলা প্রশাসন এবং পুলিশ বিভাগের আলোচনার পর সরাসরি মেহেরপুর-চুয়াডাঙ্গা সড়কে বাস চলাচল শুরু হয়েছে।

দীর্ঘ প্রতীক্ষার পর মেহেরপুর চুয়াডাঙ্গা ভায়া মুজিবনগরে বাস চলাচল করছে। মেহেরপুর, চুয়াডাঙ্গা জেলা প্রশাসন ও পুলিশ বিভাগ এবং মালিক শ্রমিক নেতৃবৃন্দের আলোচনা পর বিষয়টি নিয়ে সিদ্ধান্ত হয়।

শনিবার সকালে মেহেরপুরের নতুন বাস টার্মিনাল থেকে মেহেরপুর, চুয়াডাঙ্গা ও মুজিবনগরের উদ্দেশ্যে সরাসরি বাস ছেড়ে যায়। পাশাপাশি চুয়াডাঙ্গা বাস টার্মিনাল থেকে যাত্রী নিয়ে মেহেরপুরের

উদ্দেশ্যে ছেড়ে আসবে।

গতকাল সকালে থেকে মেহেরপুরের ট্রাফিক ইন্সপেক্টর ইসমাইল হোসেন বিষয়টি তদারকি করেন। এর আগে মেহেরপুর সার্কিট হাউজ মিলনায়তনে মেহেরপুর, চুয়াডাঙ্গা জেলা প্রশাসন ও পুলিশ বিভাগ এবং বাস ও মিনিবাস মালিক শ্রমিক নেতৃবৃন্দের আলোচনা সভায় বিষয়টি নিয়ে সিদ্ধান্ত হয়।

নিজস্ব প্রতিনিধি

মেহেরপুরে জে এস সি শিক্ষার্থীদের পরামর্শ ও দোয়া অনুষ্ঠান

মেহেরপুরে এ এল এম জিয়াউল হক ফ্রেন্ডস্ ফাউন্ডেশন স্কুল এন্ড কলেজে জে এস সি পরীক্ষার্থীদের পরামর্শ ও দোয়া অনুষ্ঠানের আয়োজন করা হয়।
গতকাল শনিবার প্রতিষ্ঠানের হল রুমে জে এস সি পরিক্ষাথীদের বিদায় সংবর্ধনা অনুষ্ঠানে এই পরামর্শ দেওয়া হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন জেলা প্রশাসক মো: আতাউল গনি। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন ফ্রেন্ডস্ ফাউন্ডেশন র্ট্রাস্টের পরিকল্পনা ও জনসংযোগ বিষয়ক পরিচালক অ্যাড. মিয়াজান আলী, আইন বিষয়ক পরিচালক অ্যাড. পল্লব ভট্টাচার্য্য, ফ্রেন্ডস্ ফাউন্ডেশনের যুগ্ম সম্পাদক এহসানুল কবির আরিফ।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন প্রতিষ্ঠানের অধ্যক্ষ প্রফেসর (অব:) হাসানুজ্জামান মালেক।
প্রধান অতিথি তার বক্তেব্যে বলেন, “শিক্ষার্থীদের কোনো রকমের অসদুপায় অবলম্বন না করে সুষ্ঠ ও সুন্দর ভাবে পরীক্ষা দেওয়ার জন্য নির্দেশনা দেন।” পরে শিক্ষার্থীদের জন্য দোয়া করা হয়।

অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন প্রতিষ্ঠানের সহকারী শিক্ষক মো: রবিউল ইসলাম, মো: রকিবুজ্জামান, মো: ইমরুল সায়ীদ, মো: ফারুক মেহেদী, আসিফ সাজ্জাদ সহ আরো অনেকে। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন সহকারী শিক্ষক মোছা: শাপলা খাতুন।

নিজস্ব প্রতিনিধি

মেহেরপুর পুলিশের উদ্যোগে প্রীতি ফুটবল খেলা

মেহেরপুর পুলিশের উদ্যোগে প্রীতি ফুটবল খেলার অনুষ্ঠিত হয়েছে। খেলায় পুলিশ লাইনস একাদশ ৩-০ গোলে থানা একাদশকে পরাজিত করে

শনিবার বিকালে পুলিশ লাইনস মাঠে এ খেলা অনুষ্ঠিত হয়।

পুলিশ সুপার এসএম মুরাদ আলী খেলার উদ্বোধন ও বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন।

এ সময় উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার শেখ জাহিদুল ইসলাম, মোস্তাফিজুর রহমান, সদর থানার ওসি শাহ দারা প্রমুখ।